পরীক্ষা নিয়ন্ত্রকের দপ্তর
ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়
www.iau.edu.bd iau.exam@gmail.com
ওয়েস্ট ধানমন্ডি, বছিলা, মোহাম্মদপুর, ঢাকা-১২৩১।

স্মারক নং-ইআবি/পনি/কামিল-১ম.২য় পর্ব/২০২৪/২০২৫/৪৬৭ ১১ নভেম্বর, ২০২৫ খ্রিস্টাব্দ

**কামিল (স্নাতকোত্তর) ১ম ও ২য় পর্ব পরীক্ষা-২০২৪ এর নিয়মিত, অনিয়মিত, প্রাইভেট মান উন্নয়ন এবং রিটেইক পরীক্ষার্থীদের ফরম পূরণ সংক্রান্ত বিজ্ঞপ্তি**

ইসলামি আরবি বিশ্ববিদ্যালয় এর আওতাধীন সকল কামিল মাদরাসার অধ্যক্ষ এবং সংশ্লিষ্ট সকলের সদয় অবগতির জন্য জানানো যাচ্ছে যে, কামিল (স্নাতকোত্তর) ১ম ও ২য় পর্ব পরীক্ষা-২০২৪ এর ফরম পূরণের নিমিত্ত বিভিন্ন কার্যক্রম নিম্নোক্ত তফসিল অনুযায়ী সম্পন্ন হবে। এতদ্সংক্রান্ত অন্যান্য কার্যক্রম, নিয়মাবলি এবং ফি-এর হার নিম্নে প্রদত্ত হলো।

১। অন-লাইনে (eFF) আবেদন ফরম পূরণ সংক্রান্ত নির্দেশনাবলী

| ক্রম. | কাজের বিবরণ | তারিখ |
|---|---|---|
| ০১ | বিলম্ব ফি' ছাড়া কামিল (স্নাতকোত্তর) ১ম ও ২য় পর্ব পরীক্ষার ফরম পূরণ (eFF) এর তারিখ | ১৬/১১/২০২৫ খ্রি. থেকে ২৫/১১/২০২৫ খ্রি.পর্যন্ত |
| ০২ | বিলম্ব ফি'সহ কামিল (স্নাতকোত্তর) ১ম ও ২য় পর্ব পরীক্ষার ফরম পূরণ (eFF) এর তারিখ | ২৬/১১/২০২৫ খ্রি. থেকে ০১/১২/২০২৫ খ্রি.পর্যন্ত |
| ০৩ | বিলম্ব ফি ব্যতীত ও বিলম্ব ফি'সহ কামিল (স্নাতকোত্তর) ১ম ও ২য় পর্ব পরীক্ষার ফি ও অন্যান্য আনুষঙ্গিক ফি' ব্যাংকে জমা দেয়ার তারিখ | ০৩/১২/২০২৫ খ্রি. থেকে ০৭/১২/২০২৫ খ্রি.পর্যন্ত |

২। পরীক্ষার্থীর যোগ্যতা

ক) কামিল ১ম পর্ব

ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়ের ২০২৩-২০২৪ শিক্ষাবর্ষের কামিল (স্নাতকোত্তর) ১ম পর্বে ভর্তিকৃত ছাত্র/ছাত্রীর পরীক্ষা-২০২৪ এ অংশগ্রহণ করতে পারবে এবং ২০২১-২০২২ ও ২০২২-২০২৩ শিক্ষাবর্ষে ভর্তি হয়ে ইতোপূর্বে ১ম পর্বের কোনো পরীক্ষায় অংশগ্রহণ করেনি অথবা অংশগ্রহণ করে অকৃতকার্য হয়েছে; সে সকল পরীক্ষার্থী কামিল (স্নাতকোত্তর) ১ম পর্ব পরীক্ষা-২০২৪ এ অংশগ্রহণ করতে পারবে।

খ) কামিল ২য় পর্ব

যে সকল পরীক্ষার্থী ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়ের কামিল (স্নাতকোত্তর) ১ম পর্ব পরীক্ষা-২০২৩ এ অংশগ্রহণ করে উত্তীর্ণ হয়েছে; সে সকল শিক্ষার্থী কামিল (স্নাতকোত্তর) ২য় পর্ব পরীক্ষা-২০২৪ এ অংশগ্রহণ করতে পারবে এবং যে সকল পরীক্ষার্থী ২০২০-২০২১ ও ২০২১-২০২২ শিক্ষাবর্ষের ১ম পর্ব থেকে উত্তীর্ণ হয়ে ২য় পর্ব পরীক্ষা-২০২৩ এ অংশগ্রহণ করেনি অথবা অংশগ্রহণ করে অকৃতকার্য হয়েছে; তারা ২য় পর্ব পরীক্ষা-২০২৪ এ অংশগ্রহণ করতে পারবে।

৩। রিটেইক (Retake)/গ্রেড উন্নয়ন পরীক্ষা

ক) কোনো পরীক্ষার্থী কামিল (স্নাতকোত্তর) ১ম ও ২য় পর্ব পরীক্ষা-২০২৩ এ সকল বিষয়ে অংশগ্রহণ করে ০২ (দুই) টি বিষয়ে অকৃতকার্য হয়ে থাকলে পরবর্তী বছর (Immediate Year) হিসেবে ১ম ও ২য় পর্ব পরীক্ষা-২০২৪-এ শুধুমাত্র সেই অকৃতকার্য/অনুত্তীর্ণ বিষয়ের পরীক্ষায় অংশগ্রহণ করতে পারবে। এ সুযোগ পরীক্ষার্থী ০২ (দুইবার) পাবে।

খ) যে সকল পরীক্ষার্থী (পুরাতন সিলেবাস) কামিল (স্নাতকোত্তর) ১ম ও ২য় পর্ব পরীক্ষায় পয়েন্ট ৫.০০ এর কম পেয়েছে; তারা গ্রেড/মান উন্নয়ন করতে চাইলে ২০২৪ সালের ১ম ও ২য় পর্ব পরীক্ষায় অংশগ্রহণ করে মান উন্নয়নের সুযোগ পাবে। এই সুযোগ পরীক্ষার্থী শুধুমাত্র একবারই পাবে। তবে পরীক্ষায় অংশগ্রহণের জন্য পরীক্ষার্থী অবশ্যই উক্ত বর্ষের পরীক্ষার Online এ (eFF মেনুতে) Improvement/গ্রেড উন্নয়ন ফরম পূরণ করতে হবে।

গ) যে সকল পরীক্ষার্থী (নতুন সিলেবাস) কামিল (স্নাতকোত্তর) ১ম ও ২য় পর্ব পরীক্ষায় পয়েন্ট ৪.০০ এর কম পেয়েছে; তারা গ্রেড/মান উন্নয়ন করতে চাইলে ২০২৪ সালের ১ম পর্ব পরীক্ষায় অংশগ্রহণ করে মান উন্নয়নের সুযোগ পাবে। এই সুযোগ পরীক্ষার্থী শুধুমাত্র একবারই পাবে। তবে পরীক্ষায় অংশগ্রহণের জন্য পরীক্ষার্থী অবশ্যই উক্ত বর্ষের পরীক্ষার Online এ (eFF মেনুতে) Improvement/গ্রেড উন্নয়ন ফরম পূরণ করতে হবে।

ঘ) রিটেইক (Retake)/গ্রেড উন্নয়ন (Improvement) পরীক্ষায় অংশগ্রহণের জন্য প্রতি বিষয়ে ৪০০.০০ (চারশত) টাকা ফি ব্যাংকে জমা দিতে হবে।

পরীক্ষা নিয়ন্ত্রকের দপ্তর
ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়
www.iau.edu.bd iau.exam@gmail.com
ওয়েস্ট ধানমন্ডি, বছিলা, মোহাম্মদপুর, ঢাকা-১২৩১।

৪। রেজিস্ট্রেশন সংক্রান্ত নির্দেশাবলী:
সংশ্লিষ্ট মাদরাসার অধ্যক্ষ সকল পরীক্ষার্থীর রেজিস্ট্রেশন কার্ডের নম্বর ও বিষয় কোড সম্পর্কে নিশ্চিত হয়ে পরীক্ষার ফরম পূরণের যথাযথ ব্যবস্থা গ্রহণ করবেন।

৫। পরীক্ষায় অংশগ্রহণের সিলেবাস সংক্রান্ত পরীক্ষার্থীকে নতুন ও পুরাতন প্রচলিত কামিল (স্নাতকোত্তর) ১ম ও ২য় পর্বের জন্য প্রণীত পাঠক্রম-পাঠ্যসূচী অনুযায়ী পরীক্ষায় অংশগ্রহণ করতে হবে।

৬। অন-লাইনে আবেদন ফরম পূরণের নিয়মাবলী

ক) eFF এর Login Password এর ক্ষেত্রে eSIF এর Login Password ব্যবহার করতে হবে। প্রদর্শিত সম্ভাব্য তালিকায় টিক চিহ্ন (✓) দিয়ে শিক্ষার্থীর সংখ্যা অনুযায়ী নির্ধারিত টাকা Payslip এর মাধ্যমে অগ্রণী ব্যাংক লিমিটেডে জমা দিতে হবে।

৭। পরীক্ষার্থীদের যাবতীয় ফি-এর হার নিম্নরূপ:

| পরীক্ষার নাম | পরীক্ষার ফি (প্রতি পত্র) | টিউটোরিয়াল পরীক্ষার ফি (প্রতি পত্র) | মৌখিক পরীক্ষার ফি (প্রতি শিক্ষার্থী) | জাতীয় শিক্ষা সপ্তাহ ফি (প্রতি শিক্ষার্থী) | মূল সনদপত্র ফি | নম্বরপত্র ফি | মোট | রিটেইক/গ্রেড উন্নয়ন (প্রতি পত্র) | বিলম্ব ফি | সিলেবাস |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| কামিল (স্নাতকোত্তর) ১ম পর্ব | ২৫০/- (৮ টি পত্র) | ৮০/- (৮ টি পত্র) | ২০০/- | ৫/- | | | ২,৮৪৫/- (রিটেইক/গ্রেড উন্নয়ন ফি ব্যতীত) | ৪০০/- | ৩০০/- | নতুন সিলেবাস |
| | ২৫০/- (৪ টি পত্র) | ৮০/- (৪ টি পত্র) | ২০০/- | ৫/- | | | ১,৫২৫/- (রিটেইক/গ্রেড উন্নয়ন ফি ব্যতীত) | ৪০০/- | ৩০০/- | পুরাতন সিলেবাস |
| কামিল (স্নাতকোত্তর) ২য় পর্ব | ২৫০/- (৭ টি পত্র) | ৮০/- (৭ টি পত্র) | ২০০/- | ৫/- | ৫০০/- | ২৫০/- | ৩,২৬৫/- (রিটেইক/গ্রেড উন্নয়ন ফি ব্যতীত) | ৪০০/- | ৩০০/- | নতুন সিলেবাস |
| | ২৫০/- (৪ টি পত্র) | ৮০/- (৪ টি পত্র) | ২০০/- | ৫/- | ৫০০/- | ২৫০/- | ২,২৭৫/- (রিটেইক/গ্রেড উন্নয়ন ফি ব্যতীত) | ৪০০/- | ৩০০/- | পুরাতন সিলেবাস |

৮। অন্যান্য ফি-এর হার :

ক) কামিল (স্নাতকোত্তর) ১ম ও ২য় পর্ব পরীক্ষা-২০২৪-এর প্রতি পরীক্ষার্থীর কেন্দ্র ফি বাবদ ৬০০.০০ (ছয়শত) টাকা সংশ্লিষ্ট পরীক্ষা কেন্দ্রের ভারপ্রাপ্ত কর্মকর্তার নিকট জমা দিতে হবে।

খ) কেন্দ্র ফি বাবদ আদায়কৃত অর্থ থেকে সংশ্লিষ্ট কেন্দ্র কর্তৃপক্ষ পরীক্ষার যাবতীয় ব্যয় নির্বাহ করবেন। বিশ্ববিদ্যালয় হতে অলিখিত উত্তরপত্র ও পরীক্ষা সংক্রান্ত যাবতীয় সরঞ্জামাদি সংগ্রহ এবং পরবর্তীতে বিশ্ববিদ্যালয়ে প্রেরণ করার জন্য প্রয়োজনীয় ব্যয় কেন্দ্র ফি হতে বহন করতে হবে।

গ) যে সকল শিক্ষার্থী ইতোপূর্বে পুন:ভর্তি ফি জমা দেয়নি তাদের রেজিস্ট্রেশন মেয়াদ থাকা সাপেক্ষে ১৭৫/- (একশত পঁচাত্তর) টাকা পুন:ভর্তি ফি Online Banking-এর মাধ্যমে অগ্রণী ব্যাংক লি. এর যে কোনো শাখায় জমা দিয়ে ফরম পূরণের প্রয়োজনীয় কার্যক্রম সম্পন্ন করতে হবে।

৯। পরীক্ষার্থীদের প্রয়োজনীয় ফি জমা দেয়ার নিয়মাবলী
প্রথম ধাপ : iau.edu.bd/payment প্রবেশ করুন
দ্বিতীয় ধাপ : EIIN ও Password দিয়ে Login করুন
তৃতীয় ধাপ : Payment Information এ ক্লিক করুন
চতুর্থ ধাপ : সংশ্লিষ্ট পরীক্ষার Payslip Download করে অগ্রণী ব্যাংক লি. এর যে কোনো শাখায় টাকা জমা দিতে হবে (এজেন্ট ব্যাংকিং এর মাধ্যমে জমাকৃত টাকা গ্রহণযোগ্য নয়)। Payslip Download করতে কোনো সমস্যা হলে, জনাব মোঃ রুমী কিসলু, সহকারী পরিচালক (অর্থ ও হিসাব), ০১৭১১-৭৭৪৫৯৬ এই নাম্বারে যোগাযোগ করুন।

পরীক্ষা নিয়ন্ত্রকের দপ্তর
ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়
www.iau.edu.bd iau.exam@gmail.com
ওয়েস্ট ধানমন্ডি, বছিলা, মোহাম্মদপুর, ঢাকা-১২৩১।

১০। অন্যান্য বিষয় সংক্রান্ত :
রেজিস্ট্রেশন প্রাপ্ত হওয়ার পর বিশ্ববিদ্যালয়ের অনুমতি ছাড়া কোনো শিক্ষার্থী অবৈধভাবে অন্য মাদরাসায় বদলি হওয়ার কারণে ২০২৪ সালের পরীক্ষায় অযোগ্য বিবেচিত হলে অথবা অন্য যে কোনো ধরনের অবৈধ ছাত্র-ছাত্রীকে পরীক্ষায় অংশগ্রহণের অনুমতি দেওয়া হলে সংশ্লিষ্ট মাদরাসার অধ্যক্ষ দায়ী থাকবেন এবং ঐ সমস্ত পরীক্ষার ফলাফল বাতিল বলে গণ্য হবে।

১১। অন-লাইনে ফরম পূরণের www.iau.edu.bd এ কোনো সমস্যা হলে হেল্প ডেস্ক মোবাইল নম্বর-০১৭০৯-৩৮৯০০৭ আইসিটি শাখা ও পরীক্ষা নিয়ন্ত্রক দপ্তরের ই-মেইল iau.exam@gmail.com যোগাযোগ করার জন্য অনুরোধ করা হল।

১২। বিজ্ঞপ্তিতে উল্লিখিত ২০২৪ সালের কামিল (স্নাতকোত্তর) ১ম ও ২য় পর্বের (নিয়মিত, অনিয়মিত, প্রাইভেট, মান উন্নয়ন এবং রিটেইক) পরীক্ষা সংক্রান্ত নিয়মাবলী সঠিকভাবে অনুসরণ করে প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণ করার জন্য সংশ্লিষ্ট মাদরাসা অধ্যক্ষগণকে বিশেষভাবে অনুরোধ করা হলো।

উপাচার্য মহোদয়ের অনুমোদনক্রমে

১১/১১/২৫

মোহাম্মদ আলী
পরীক্ষা নিয়ন্ত্রক
ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়, ঢাকা

স্মারক নং- ইআবি/পনি/ কামিল. ১ম.২য় পর্ব পরীক্ষা/২০২৪/২০২৫/ ৪৬৭ তারিখ: ১১ নভেম্বর, ২০২৫খ্রি.

সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপি প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়) :

১. ডিন, কামিল (স্নাতকোত্তর) শিক্ষা, প্রশিক্ষণ ও গবেষণা কেন্দ্র এবং কারিকুলাম, উন্নয়ন ও মূল্যায়ন কেন্দ্র, ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়, ঢাকা
২. রেজিস্ট্রার, ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়, ঢাকা
৩. পরিচালক, অর্থ, হিসাব ও নিরীক্ষা দপ্তর, ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়, ঢাকা
৪. অধ্যক্ষ, সংশ্লিষ্ট সকল কামিল মাদরাসা
৫. ভাইস-চ্যান্সেলরের একান্ত সচিব (ভাইস-চ্যান্সেলর মহোদয়ের সদয় অবগতির জন্য), ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়, ঢাকা
৬. প্রো ভাইস-চ্যান্সেলরের একান্ত সচিব, সকল (প্রো ভাইস-চ্যান্সেলর মহোদয়ের সদয় অবগতির জন্য), ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়, ঢাকা
৭. সহকারী রেজিস্ট্রার, ট্রেজারার দপ্তর (ট্রেজারার মহোদয়ের সদয় অবগতির জন্য), ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়, ঢাকা
৮. প্রোগ্রামার, আই.সি.টি শাখা (ওয়েবসাইটে প্রকাশের জন্য), ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়, ঢাকা
৯. জনসংযোগ, তথ্য ও প্রকাশনা দপ্তর (সংবাদ বিজ্ঞপ্তির মাধ্যমে প্রচারের অনুরোধসহ) ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়, ঢাকা
১০. অফিস কপি।

১১/১১/২৫

মো: সালাহ উদ্দিন
সহকারী পরীক্ষা নিয়ন্ত্রক
ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়, ঢাকা

জরুরী প্রয়োজনে

| | | |
|---|---|---|
| কামিল ১ম পর্ব | : | ০১৭১৯-৩০২০৪০ |
| | : | ০১৭৪৫-৪১৭১২৫ |
| কামিল ২য় পর্ব | : | ০১৭২৪-০৯৩৪৫৬ |